

NYC PS+YOU

Public Schools From Chancellor David C. Banks

চ্যান্সেলর ডেভিড সি. ব্যাংকস্-এর কাছ থেকে একটি নিউজলেটার



আমাদের শিক্ষকদের ধন্যবাদ জানাচ্ছি

প্রিয় নিউ ইয়র্কবাসীবৃন্দ,

শিক্ষক স্বীকৃতি সপ্তাহে শুভেচ্ছা! এই সপ্তাহে, আমরা বিশেষভাবে আমাদের শিক্ষকদের অনুপ্রেরণা দান এবং উদযাপনের প্রতি মনোনিবেশ করছি। শিক্ষকগণ আমাদের শিক্ষার্থী, স্কুল, ও কমিউনিটিগুলোতে অসংখ্য উপায়ে প্রভাব রাখেন এবং প্রায়শই এই অবদানগুলো চোখ এড়িয়ে যায়। ক্লাসরুমের অভ্যন্তরে ও বাহিরে, আমাদের ছেলেমেয়েদের জন্য উপস্থিত হবার জন্য আমাদের শিক্ষকদের প্রতি ধন্যবাদ জানাবার এই সুযোগটি আমি গ্রহণ করতে চাই। নিউ ইয়র্ক সিটিতে আমাদের শিক্ষকদের প্রতি কেন আমি কৃতজ্ঞ তা তুলে ধরা হলো:

- আমাদের শিক্ষকগণ হচ্ছেন অনুকরণীয় আদর্শ। তারা প্রায়শই আমাদের শিক্ষার্থীদের জীবনের সবচেয়ে আস্থাভাজন প্রাপ্ত-বয়স্কদের মধ্যে থাকেন। ছোট ও বড় বিভিন্ন সমস্যায় শিক্ষার্থীরা তাদের শিক্ষকদের কাছে সহায়তা চায়। শিক্ষার্থীরা যদি মানসিক চাপে থাকে, যদি তারা মনক্ষুন্ন হয়, যদি তারা বিভ্রান্ত হয়, প্রায়শই তারা তাদের শিক্ষকদের সহায়তা চায়।

- আমাদের শিক্ষকগণ উৎকর্ষের প্রতি মনোনিবেশ করেন। তারা প্রতিটি শিক্ষার্থীকে সর্বোচ্চ চেষ্টা করার জন্য উৎসাহ দেন। তারা আমাদের ছেলেমেয়েদের জীবনে সফল হবার জন্য অপরিহার্য বিভিন্ন দক্ষতা শেখান, এবং তারা আমাদের শিক্ষার্থীদের মাঝে শেখার প্রতি ভালোবাসা ও অন্বেষণ গড়ে তুলতে অনুপ্রেরণা জোগান।
- আমাদের শিক্ষকগণ সম্পৃক্ত থাকেন। শিক্ষকগণ শিক্ষার্থীদের পরিবার ও কমিউনিটির সাথে একযোগে কাজ করেন, কারণ তারা জানেন আমরা সকলে মিলে একটি দল। এছাড়াও তারা বিভিন্ন খেলাধুলার কোর্চিং করেই হোক কিংবা পাঠ্যক্রম বহির্ভূত ক্লাব পরিচালনার মাধ্যমেই হোক, শিক্ষার্থীদেরকে ক্লাসরুমের বাহিরে জানারও বিভিন্ন উপায় খোঁজেন।
- আমাদের শিক্ষকগণ শিক্ষার্থীদের নেতৃত্বদ হলে উঠতে সহায়তা করেন। আমাদের বিশ্ব বহু চ্যালেঞ্জের সম্মুখীন, এবং আমাদের শিক্ষকগণ আমাদের শিক্ষার্থীদের সেগুলো সমাধা করার জন্য প্রস্তুত করেন। শিক্ষকগণ আমাদের প্রতিটি শিক্ষার্থীর অন্তর্নিহিত সম্ভাবনাকে জাগিয়ে তোলে।

আমি আরো বলতে পারবো, তবে মূল বক্তব্য হচ্ছে: আমাদের শিক্ষকগণ অমূল্য। একজন প্রাক্তন শিক্ষক ও প্রিন্সিপাল হিসেবে, এবং নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এর একজন গ্র্যাজুয়েট হিসেবে আমার নিজস্ব অভিজ্ঞতা থেকে জানি। যে শিক্ষকগণ আমাকে আজকের-আমিতে পরিণত করেছেন তাদের কাছে অনেক ঋণী।

শিক্ষকগণ, আপনাদের সকল কাজের জন্য আমি অত্যন্ত কৃতজ্ঞ। আমাদের শিক্ষার্থীদের বলিষ্ঠ সূচনা ও উজ্জ্বল ভবিষ্যৎ দেয়ার জন্য আপনাদের ধন্যবাদ।

উচ্চ প্রত্যাশাসহ,

ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)

চ্যান্সেলর

আমাদের স্পটলাইট ভিডিও:



অনুবাদের জন্য, অনুগ্রহ করে আমাদের ইউটিউব পেজ দেখুন।

সর্বসাম্প্রতিক NYCPS সংক্রান্ত তথ্যের জন্য অনলাইনে আমাদেরকে [X](#), [ফেসবুক](#), এবং [ইনস্টাগ্রাম](#)-এ অনুসরণ করুন।

এবং এখানে [মেয়র এরিক অ্যাডামস্-এর সাপ্তাহিক ভিডিও](#) দেয়া হলো। আপনি যদি সরাসরি মেয়রের অফিস থেকে সর্বসাম্প্রতিক তথ্য পেতে আগ্রহী হন, তবে [অনুগ্রহ করে এখানে ক্লিক করুন](#)।

NYCPS পরিবারবর্গ: আপনারা যদি আর PS+You নিউজলেটারটি পেতে না চান, তবে অনুগ্রহ করে [আনসাবস্ক্রাইব](#) করুন।